

**উচ্চশিক্ষার সার্বিক  
মানোন্নয়নে  
সরকার  
অসীকারাবদ্ধ ॥  
অর্থ প্রতিমন্ত্রী**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । বাজেটের মাধ্যমেই রাজনৈতিক প্রতিশ্রুতি বাস্তবায়ন হয়ে থাকে । প্রতিবছর বাজেটের একটা বিশাল অঙ্কের অর্থ অহেতুক অপচয় হচ্ছে । কল্যাণকর কাজে ব্যয় করার জন্য আমরা প্রচুর সম্পদ তৈরি করছি কিন্তু সেটা সঠিক জায়গায় ব্যয় করার করতে পারছি না বলে অপচয় হচ্ছে । বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট, ভবন মিলনায়তনে শিক্ষা বিষয়ক প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থ প্রতিমন্ত্রী এম এ মন্নান এসব কথা বলেন । ঢাবির সেন্টার অন বাজেট এ্যান্ড পলিসি আলোচনা অনুষ্ঠানটির আয়োজন করে ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক আলোচনা সভার উদ্বোধন করেন । এতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও সেন্টার অন বাজেট এ্যান্ড পলিসির চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ কামালউদ্দীনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ । নির্ধারিত আলোচক হিসেবে অংশ নেন সাংসদ কাজী রোজী ও বিআইডিএস সিনিয়র রিসার্চ ফেলো ড. নাজনীন আহমেদ ।

প্রতিমন্ত্রী এমএ মন্নান বলেন, দেশের উচ্চশিক্ষার সার্বিক মানোন্নয়নে বর্তমান সরকার অসীকারাবদ্ধ । সেই লক্ষ্যে সরকার যুগোপযোগী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করে যাচ্ছে ।

আলোচনা সভায় শিক্ষা বিষয়ক প্রাক-বাজেট আলোচনায় বিভিন্ন সুপারিশ ও প্রস্তাবনা তুলে ধরেন সেন্টার অন বাজেট এ্যান্ড পলিসির পরিচালক অধ্যাপক ড. মোঃ আবু ইউসুফ । বর্তমান সরকারকে শিক্ষাব্যবস্থার সরকার উল্লেখ করে বিশ্ববিদ্যালয় প্রণীত সুপারিশসমূহ সরকার গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে বলে মন্ত্রী আশ্বস্ত করেন । এছাড়া ঢাবি শিক্ষকদের জন্য পৃথক বেতন কাঠামো তৈরির বিষয়টি সরকারের দৃষ্টিতে আনবেন বলে উল্লেখ করেন প্রধান অতিথি ।